# Times Today BD

শিবলী রহমান শিপু | দেশজুড়ে | 07 April, 2025

সিরাজগঞ্জের রায়গঞ্জে শিশু অপহরণের সাথে জড়িত দুই অপহরণকারীকে গ্রেফতার করেছে রায়গঞ্জ থানা পুলিশ।সেই সাথে অপহরণকৃত ওই শিশুকেও উদ্ধার করে পুলিশ।

পুলিশ সুত্রে জানা যায়, গত ৩ মার্চ রায়গঞ্জের রনতিথা গ্রামে মোঃ বাদশা মিয়ার ভাড়াটিয়া বাসা থেকে বেলা ১ টার দিকে ৮ মাস বয়সী বাচ্চা (দিঘি মনি) এর মা মোছাঃ মরিয়ম খাতুন (২৮) কে ঘোল (দুগ্ধজাত পণ্য) পান করিয়ে অচেতন করে বগুড়ার ধুনট থানার চরখাদুলি গ্রামের মৃত গোলদার শেখের ছেলে মোঃ কালাম শেখ (৪০) নামের এক লোক শিশুটিকে অপহরণ করে বিক্রি করে দেয়।

পরে ৩১ মার্চে রায়গঞ্জ থানায় মামলা হলে তদন্তে নামে পুলিশের একটি বিশেষ টিম।

তথ্য প্রযুক্তি ও নিখুঁত গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ঘটনার সাথে জড়িত শিশু অপহরনকারী মোঃ কালাম শেখকে রংপুর থেকে গ্রেফতার করে রায়গঞ্জ থানা পুলিশ।

কালাম শেখের স্বীকারোক্তিমূলক জবানবন্দীতে বেরিয়ে আসে আরেক সহযোগী বগুড়া জেলার ধুনট থানার কুড়িগাতী গ্রামের মৃত রইচ উদ্দিনের ছেলে মোঃ হারুন অর রশিদ (৪৪) এর সম্পৃক্ততা।

পরে রায়গঞ্জ এলাকা থেকে হারুন অর রশিদকেও গ্রেফতার করে পুলিশ এবং তার দেওয়া তথ্যর ভিত্তিতে যশোর জেলার কোতয়ালী থানার তালবাড়িয়া এলাকা থেকে মোঃ সামিউল ইসলাম (৪২) এর বাসা থেকে দিঘী মনিকে উদ্ধার করা হয়।

এ বিষয়ে রায়গঞ্জ থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ আসাদুজ্জামান বলেন, শিশুটিকে উদ্ধার করে তার প্রকৃত অভিভাবক সিরাজগঞ্জ সদর থানার গয়লা এলাকার মোঃ বাপ্পী মন্ডলের স্ত্রী অত্র মামলার বাদীনি মোছাঃ মরিয়ম খাতুনের কাছে সম্পূর্ন সুস্থ অবস্থায় আইনানুগভাবে হস্তান্তর করা হয়েছে।

সিরাজগঞ্জ গ্রেফতার পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:48

URL: https://www.timestodaybd.com/across-the-country/436615343